31

দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JUN 1997
পৃষ্ঠা ৩ কলাম ৯

'শিক্ষাদীপ্ত পিরোজপুর'

# ৩৬ হাজার নিরক্ষরকে সাক্ষরতাদানের উদ্যোগ

পিরোজপুর অফিস ।। 'শিক্ষাদীপ্ত পিরোজপুর নামে সাবিক সাক্ষরতা আন্দোলনে সদর ও নাজিরপুর থানার ১৩টি ইউনিয়ন ও ১টি পৌর সভা অন্তর্ভুক্ত করিয়া ৩৬ হাজার নিরক্ষরকে সাক্ষর করার কার্যক্রম পিরোজপুরে শুরু হইয়াছে। সম্প্রতি জেলা প্রশাসক এটি এম জুলফিকার হায়দার চৌধুরী এই কার্যক্রমের উদ্দেশ্য, বাস্তবায়ন পদ্ধতি ও গৃহীত কর্মসূচী বর্ণনা করিয়া স্থানীয়

( ৮ম পৃঃ দ্রঃ )

## ৩৬ হাজার নিরক্ষর

(৩য় পৃঃ পর)

সাংবাদিকদের এক প্রেস ব্রিফিং প্রদান করেন।

জেলার দুইটি থানার ৩৬ হাজার নিরক্ষরকে ৩০ জনের এক একটি গ্রুপ করিয়া ১২ শত শিক্ষক, ৮০ জন সুপারভাইজার ও ১৫ জন মাষ্টার ট্রেইনার দ্বারা ১২ শত কেন্দ্রে ৬ মাসব্যাপী শিক্ষাদান করা হইবে। মহিলাদের দিবসে ও পুরুষদের রাতে কেন্দ্রে বসিয়া শিক্ষা দেওয়া হইবে। ১১ হইতে ৪৫ বৎসর বয়স্ক নিরক্ষর শিক্ষা বঞ্চিত ও স্কুল হইতে ঝরিয়া পড়া শিক্ষার্থীকে এই কর্মসূচীভুক্ত করা হইয়াছে।

জেলায় সাবিক সাক্ষরতা আন্দোলনকে সফল করার জন্য ইতিমধ্যে জেলা, থানা, পৌরসভা, ইউনিয়ন ও ব্লক পর্যায়ে কমিটি ও উপকমিটি গঠন, কর্মী নিয়োগ, নিরক্ষর জরিপ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন হইয়াছে বলিয়া জেলা প্রশাসক জানান। আগামী ১৫ই জুলাই নাগাদ কেন্দ্র ভিত্তিক শিক্ষাদান শুরু করার উদ্দেশ্যে মাষ্টার ট্রেইনার, সুপারভাইজার ও শিক্ষকদের প্রশিক্ষণকাল, মাঠ পর্যায়ে জনগণকে উদ্বুদ্ধকরণের কাজ চলিতেছে। ২ হাজার সাল নাগাদ ১ কোটি ২৫ লক্ষ লোককে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করার জন্য জাতীয় কর্মসূচীর অন্তর্ভুক্ত জেলার মধ্যে পিরোজপুরও রহিয়াছে।